# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 MAY | No 04


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

যিশাইয়: ৫৬: ১-৫

১। সদাপ্রভু এই কথা বলেন: "তোমরা ন্যায়বিচার মেনে চলো এবং যা ন্যায়সঙ্গত, তা-ই করো, কারণ আমার পরিত্রাণ অতি নিকটবর্তী, আমার ধার্মিকতা সত্বর প্রকাশিত হবে।

২। ধন্য সেই মানুষ, যে এইরকম করে, সেই মানুষ, যে তা আঁকড়ে ধরে রাখে, যে সাববাথ-দিন অপবিত্র না করে তা পালন করে, যে মন্দ কাজ করা থেকে তাহার হাত সরিয়ে রাখে।"

৩। সদাপ্রভুর প্রতি কোনো বিদেশি না বলুক, "সদাপ্রভু নিশ্চয়ই তাঁর প্রজাদের মধ্য থেকে আমাকে বাদ দেবেন।" আবার কোনো নপুংসকও অভিযোগ না করুক যে, "আমি তো একটি শুষ্ক বৃক্ষ মাত্র।"

৪। কারণ সদাপ্রভু এই কথা বলেন, "যে নপুংসকেরা আমার সাববাথ-দিন পালন করে, যা আমার প্রীতিজনক, তা-ই বেছে নেয় এবং আমার নিয়মের প্রতি অবিচল থাকে,

৫। তাদের আমি আমার মন্দির ও তার প্রাচীরগুলির মধ্যে পুত্রকন্যাদের থেকেও উৎকৃষ্ট এক স্মারক চিহ্ন ও একটি নাম দেব; আমি তাদের মধ্যে এক চিরস্থায়ী নাম দেব, যা কখনও মুছে ফেলা যাবে না।

# আপনি যদি চ্যালেঞ্জের মোকাবিলা করার পক্ষে যথেষ্ট বলবান হন, তবে সাবধান হন!

IF YOU ARE STRONG ENOUGH TO FACE CHALLENGES, **BE CAREFUL!** *Sis. Angel*



আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার বৃহত্তর পরিবারের সবাইকে শুভেচ্ছা জানাই!

আমাদের পিতা ঈশ্বর এবং প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ এবং শান্তি আপনাদের প্রতি বর্তুক।

সম্প্রতি,আমি আমার পাসপোর্ট হারিয়ে ফেলেছিলাম। আমি চারিদিকে খুঁজেছিলাম কিন্তু পাইনি। আমি পাগল হয়ে গিয়েছিলাম! আমি নিশ্চিত ছিলাম কোথায় আমি এটা ফেলে এসেছি, কিন্তু আমি যখন সেখানে গিয়েছিলাম, সেটা সেখানে ছিল না। আমি প্রতিটি কোণায় তন্ন তন্ন করে খুঁজেছিলাম, ক্রমশঃ আমার দুশ্চিন্তা বৃদ্ধি পাচ্ছিল। পাসপোর্ট হারানোর চিন্তা আমার সমস্ত সত্তা অধিকার করেছিল- যখন আমি ঘুমাতে যাচ্ছিলাম অথবা জেগে উঠছিলাম , তখন আমি আর কোনও কিছুতে মন দিতে পারছিলাম না। আর সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় ছিল আমার এটি জরুরী প্রয়োজন ছিল। নতুন করে আবেদন করার জন্য অথবা খোঁজার জন্য সময় চাওয়ার মতো সময়ও ছিল না।

যখন আমি মরিয়া হয়ে সারা ঘরে খুঁজছিলাম, আমার লূক ১৫ অধ্যায়টি মনে পড়েছিল—হারানো মেষ, হারানো মুদ্রা, এবং হারানো পুত্রের নীতিগল্পগুলো আমার মনে পড়েছিল। যতবার আমি হারানো মেষের গল্পটি পাঠ করছিলাম, ততবার আমি ভাবছিলাম: মেষপালক কেন বাকী নিরানব্বইটি মেষকে ফেলে রেখেছিলেন?

*(ক্রমশঃ, ৪ পাতায়)*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

## from your dearly beloved brother...





**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


HON. EDITOR-IN-CHIEF
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.



EDITOR, PUBLISHER & PRINTER

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org

YOUTUBE CHANNEL
Echo of His Call


**"সদাপ্রভুতে নিজের ভার অর্পণ করো আর তিনি তোমাকে বাঁচিয়ে রাখবেন; তিনি কখনও ধার্মিকদের বিচলিত হতে দেবেন না" (গীত ৫৫: ২২)।**

খ্রীষ্টে প্রিয়তমেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের গৌরবময় নামে আপনাদের শুভেচ্ছা জানাই!

আহ্বানের প্রতিধ্বনির গত সংখ্যা থেকে আপনারা যে আশীর্ব্বাদ লাভ করার বিষয় জানিয়েছেন আমরা তার তারিফ করছি। আপনাদের প্রার্থনা এবং সাহায্য আমাদের কাছে অনেক অর্থবহ, এবং আমরা অবিরত আপনাদের প্রার্থনা এবং সাহায্য কামনা করি। প্রভু আপনাদের প্রচুর পরিমানে আশীর্ব্বাদ করুন।

ঈশ্বরের পর্যাপ্ত অনুগ্রহের দ্বারা, গত মাসে সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন বিদ্যালয় প্রাঙ্গণে আমরা ইয়ুথ ক্যাম্প, মুক্তাঙ্গণ সভা, শিশুদের পরিচর্যা, চার্চ অফ গড পরিচর্যাগুলি, এবং আমাদের স্কুলের বাৎসরিক অনুষ্ঠান সাফল্যের



*সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল ক্যাম্পাসে অনুষ্ঠিত যুব শিবির*

সঙ্গে পরিচালনা করতে সক্ষম হয়েছি। ১১ এবং ১৭ই এপ্রিল যথাক্রমে কিণ্ডারগার্টেন শিক্ষার্থীদের গ্রাজুয়েশন দিবস এবং বিদ্যালয় বাৎসরিক দিবস অনুষ্ঠিত হয়েছিল। সারা সমাবেশে পবিত্র আত্মার উপস্থিতি এবং পরিচালনা স্পষ্টরূপে অনুভূত হয়েছিল।




*মুক্তাঙ্গণ সভায় পাস্টর এস.স্যাম সেলভারাজ বক্তৃতা দিচ্ছেন*

ভেলাচেরীতে নহিমিয় বাইবেল কলেজ ক্যাম্পাসে চার্চ অফ গড পরিচর্যাগুলি এবং শিশু পরিষেবা অবিরত বৃদ্ধি পাচ্ছে। নিম্নলিখিত ঐচ্ছিক বিষয়গুলি সহ ২রা জুন, ২০২৫ তারিখে ঈশ্‌তত্ত্বে এক বছরের ডিপ্লোমা কোর্স শুরুর ঘোষণা করতে পেরে আমরা আনন্দিত:

### (ক) আবাসিক (হিন্দি মাধ্যম) — ভেলাচেরী ক্যাম্পাস

যে সকল যোগ্য সদস্যগণ তাদের নিজ নিজ এলাকায় প্রভুর সেবা করতে আগ্রহী তাদের জন্য ভেলাচেরী ক্যাম্পাস খোলা আছে। যোগ্য শিক্ষীর্থীদের জন্য স্পনসরশিপের ব্যবস্থা আছে।

### (গ) সান্ধ্য বাইবেল কলেজ (তামিল মাধ্যম)—অনাবাসিক

যারা আবাসিক নন, তাদের জন্য সোমবার , মঙ্গলবার, এবং বৃহস্পতিবার এই ক্লাসটি হবে, সন্ধ্যা ৬.৩০ থেকে রাত ৮.৩০ পর্যন্ত।

স্থান: চীপক এবং সন্তোষপুরম নহিমিয় বাইবেল কলেজগুলিতে। এছাড়াও, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে তামিল সান্ধ্য পাঠক্রমগুলি শুরু হবে।

এই আত্মিক শিক্ষা কর্মসূচীগুলির জন্য আমরা বিনীতভাবে আপনাদের প্রার্থনা কামনা করছি এবং যোগ্য শিক্ষার্থীদের কাছে এই বিষয়টি অবগত করানোর জন্য আমরা আপনাকে উৎসাহিত করছি।

### তাঁর আহ্বানের প্রতিধ্বনি ডিজিটালাইজেশন করণ:

২০২৬ সালের শুরু থেকে, আমরা আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ডিজিটালাইজেশন করার পরিকল্পনা করেছি কারণ সরকার ডাক মারফৎ পত্রিকা পাঠানোর খরচ অনেক বৃদ্ধি করেছে, যা বহন করা আমাদের আর্থিক সামর্থের বাইরে। মুদ্রণ খরচ এবং স্টেশনারী জিনিসপত্রের খরচ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। আর্থিক চাপের কারণে, আমাদের পক্ষে এই আর্থিক ভার বহন করা ক্রমাগত কঠিন হয়ে পড়ছে।

আন্তরিকভাবে আগ্রহী পাঠকদের দ্রুত পত্রিকাটি লাভের বিষয়টিকে সুনিশ্চিত করার জন্য, আমরা সামাজিক মাধ্যম, ইমেল, হোয়াটসঅ্যাপ, স্পেশাল পোস্ট এবং কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পত্রিকাটি বণ্টন করবো।

এই উত্তরণের সুবিধার্থে, আমরা আপনার কাছে নিম্নলিখিত বিবরণগুলি প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি :

১। আপনার পূর্ণ এবং নির্ভুল ঠিকানা।

২। আপনার সঠিক ফোন নম্বর এবং হোয়াটস্অ্যাপ নম্বর।

৩। আপনার বৈধ ইমেল ঠিকানা (যদি সুপ্রাপ্য হয়)।

অনুগ্রহ করে এই বিস্তারিত বিবরণগুলি নির্ভুলভাবে পাঠানোর চেষ্টা করুন, অন্যথা, আপনি ভবিষ্যত সংস্করণগুলি নাও পেতে পারেন। যে পাঠকগণ ইতিমধ্যেই তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির সঙ্গে নিয়মিত যুক্ত আছেন তাদের ক্ষেত্রে এই আপডেটের প্রযোজ্য নয়। আমরা আমাদের মূল্যবান সম্পর্ক চালিয়ে যেতে এবং সংরক্ষণ করতে আগ্রহী।

### তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য প্রার্থনার অনুরোধ:

আমরা নিম্নলিখিত পরিচর্যাগুলির জন্য আপনাদের আন্তরিক প্রার্থনা কামনা করি

## যিহোশূয় যোদ্ধা আন্তর্জার্তিক।

1. এক-মিনিট প্রার্থনার উদ্যোগ ( গ্লোবাল ভিসন ফর ইয়ুথ অ্যাণ্ড কিড কেয়ার) — যুব এবং শিশুদের জন্য একটি বিশ্ব দর্শন,প্রতিদিন রাত ১০টায় অনুষ্ঠিত হয়।
2. এক ঘণ্টা প্রার্থনা শৃঙ্খল — পৃথিবীর সমস্ত মণ্ডলী এবং বিশ্বাসীদের প্রতি উৎসর্গীকৃত।
3. সেমিনার, শিবির, এবং কর্মশালাগুলির (ওয়ার্কশপ) জন্য — যাতে ঐ অনুষ্ঠানগুলি ফলপ্রসূ হয় এবং আত্মা দ্বারা পরিচালিত হয়।

আমাদের অসংখ্য অংশীদারগণ এবং মিশনারীগণ বিশ্বব্যাপী পরিষেবা কাজ করেন। আমরা প্রভু যীশু খ্রীষ্টের সেবা করার জন্য আমাদের মিশনের সঙ্গে তাদের যোগদানের বিষয়ে তাদের উষ্ণ আমন্ত্রণ জানাই!

### ছুটিকালীন বাইবেল স্কুল (ভিবিএস) — মে ২০২৫

চেন্নাইয়ে আমাদের চার্চে ভিবি এস কর্মসূচী

১। সন্তোষপুরম - ২৫শে এপ্রিল থেকে ১লা মে

২। ভেলাচেরী - ৩০ শে এপ্রিল থেকে ৫ই মে

৩। বালাজী নগর, পল্লীকরনাই - ৩০শে এপ্রিল থেকে ৫ই মে

৪। চীপক - ৬ই মে থেকে ১২ই মে

ভ্রাতৃগণ আমাদের জন্য প্রার্থনা করুন,

তাঁর সেবায়,

***তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিবার।***

E.mail : sam@echoofhiscall.org

## জরুরী প্রয়োজন

**শিক্ষক ও শিক্ষিকাদের জন্য**

**সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিদ্যালয় বিজয় নগরম, মেদাবাক্কম, চেন্নাই -১০০**

**আমাদের সুশিক্ষিত, অভিজ্ঞ, নিবেদিত প্রাণ, কঠোর পরিশ্রমী, মিশনমনস্ক খ্রীষ্টবিশ্বাসী সদস্য চাই।**

বায়োডাটাসহ নিম্নলিখিত ঠিকালনায়

E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858




## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি

অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India
Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

তিনি কি অবশিষ্ট নিরানব্বইটি মেষের বিষয় চিন্তা করেননি? আমি বুঝতে পারছি যে হারানো মেষটি মূল্যবান ছিল - কিন্তু তবুও, তিনি কেন নিরানব্বইটি মেষকে পেছনে ছেড়ে এসেছিলেন? আপনি কি একবারও তাদের জন্য চিন্তা করেছিলেন? **নিরানব্বইটি, নটি মুদ্রা, এবং নয় জন বড় ভাই- ৯৯:৯:১।**

আপনি যদি একই পরিস্থিতির মধ্যে থাকতেন, তাহলে আপনি কি একটি মেষকে খোঁজার জন্য বাকী নিরানব্বইটি মেষকে ফেলে রেখে যেতেন? তিনি কেবল তাদের ছেড়ে যাননি, কিন্তু তিনি তাদের প্রান্তরের মধ্যে রেখে গিয়েছিলেন। এটা নিরাপদ স্থান ছিল না- তিনি তাদের একটি খোঁয়াড়ে অথবা চারিদিকে ঘেরা কোনও নিরাপদ স্থানে রেখে যাননি। তারা মুক্ত অবস্থার মধ্যে ছিল, তাদের চারিদিকে বন্য পশুরা ছিল, এবং আরও অন্যান্য বিপদ ছিল। একটি মেষকে খোঁজার জন্য তিনি নিরানব্বইটি মেষকে হারাতে পারতেন।

আমি জানি না আমি যে ভাবে চিন্তা করছি সেই ভাবে অন্য কেউ চিন্তা করেছে কিনা। হতে পারে হারানো মেষটি কম বয়েসী ছিল, আবিষ্কারের জন্য আগ্রহী ছিল, এবং এই প্রক্রিয়ার মধ্যেই সে হারিয়ে গিয়েছিল। আবার এটাও হতে পারে এই মেষটি বিদ্রোহী এবং অবাধ্য ছিল, সর্বদা সে মেষপালকের পরিচালনা উপেক্ষা করে যেখানে সেখানে চলে যেতো।

কারণ যাই থাকুক না কেন, মেষপালক নিরানব্বইটি মেষকে প্রান্তরে নিরাপত্তাহীনরূপে ফেলে রেখে-ঐ একটি হারানো মেষের অন্বেষণে গিয়েছিলেন। বেশ কিছু সময় ধরে আমি এই বিষয়টি নিয়ে চিন্তা করছি। কেন তিনি এই বিষয়টি মনোনীত করেছিলেন তার নিশ্চয় একটি কারণ আছে।

## মেষ পালকর এই ৯৯টি মেষের উপর আস্থা ছিল:



## ১। একতার শক্তি!

মেষপালকের নিশ্চিতভাবে এই ৯৯টি মেষের উপর গভীর আস্থা ছিল যার কারণে তিনি তাদের উন্মুক্ত প্রান্তরে রেখে গিয়েছিলেন। তিনি জানতেন যে এরা প্রত্যেকে পরস্পরের পশ্চাতে থাকে — এরা একসঙ্গে ঐক্যবদ্ধ হয়ে পরস্পরের পাশে দাঁড়ায়, সব সময় পরস্পরকে সাহায্য করার বিষয়ে এবং টিকিয়ে রাখার বিষয়ে এরা দায়বদ্ধ। এমনকি বিপদের মোকাবিলা করার ক্ষেত্রেও, তারা একটি প্রচণ্ড শক্তিরূপে ঐক্যবদ্ধ থাকতে পারে।



**ঐক্যের শক্তি**

একসাথে থাকার শক্তির বিষয়ে মেষপালকটি তাদের প্রশিক্ষণ দিয়েছিলেন বলে আমি নিশ্চিত। একটি মেষ যদি আক্রান্ত হয়, তাহলে অন্য ৯৮টি মেষ সঙ্গে সঙ্গে তার সাহায্যের জন্য দ্রুত সেখানে চলে যাবে- ভয়ঙ্কর ভাবে সেই আক্রান্ত মেষটিকে সুরক্ষা দেবে, তারা তাদের প্রতিরোধে অবিচল থাকবে। ঐক্যের মধ্যে মহাশক্তি আছে।

মেষপালকটি বুঝতে পেরেছিলেন যে ঐ একটি হারানো মেষ দুর্বল- সে একেবারে একা, তাকে সাহায্য করার মতো তার পাশে কেউ নেই। তার টিকে থাকার সুযোগ অনেক কম, কেবল বাহ্যিক আক্রমণের ভয়ের জন্য নয়, কিন্তু তার বিচ্ছিন্ন হয়ে যাওয়ার গুরুত্বের কারণেও।

একা হওয়ার বিষয়টি বিপজ্জনক স্থান। আর সেই কারণেই বাইবেল আমাদের একসাথে বদ্ধ থাকতে উৎসাহিত করে:

**আবার, আমি সত্য বলছি, তোমাদের মধ্যে দুজন এই পৃথিবীতে একমত হয়ে যা কিছু চাইবে, আমার স্বর্গস্থ পিতা তোমাদের জন্য তাই করবেন"** (মথি ১৮:১৯)।

**কারণ যেখানে দুই কিংবা তিনজন আমার নামে একত্র হয়, সেখানে আমি তাদের মধ্যে উপস্থিত"** (মথি ১৮:২০)।

**যখন ঈশ্বরের লোকেরা ঐক্যবদ্ধ হয়ে একত্রে বাস করে তা কত উত্তম ও মনোহর"** (গীত ১৩৩:১)।

একেক সময়, আমাদের মনে হতে পারে যে যারা আমাদের মূল্যবোধগুলোর সহভাগিতা করে না, আমাদের তারিফ করে না, অথবা প্রকৃতরূপে আমাদের ভালোবাসে না, সেই সমস্ত লোকদের মধ্যে থাকার চেয়ে একা থাকা ভালো। বিশেষ করে যখন ঘনিষ্ঠ লোকেরা আমাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে অথবা আমাদের আঘাত করে, তখন অন্য কাউকে আবার বিশ্বাস করা কঠিন হয়ে যায়।

প্রিয় ভাই এবং বোনেরা, আপনি যদি এই ধরণের অভিজ্ঞতা লাভ করে থাকেন অথবা এই ধরণের পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছেন, তাহলে আমি প্রার্থনা করি প্রভু যেন আপনার ক্ষতসকল আরোগ্য করেন। ক্রুশে যাওয়ার পথে যীশু খ্রীষ্টও নিজে এই বিশ্বাসঘাতকতা সহ্য করেছিলেন, সুতরাং তিনি আপনার যন্ত্রণা, দ্বিধাবোধ, এবং সন্দেহগুলি বুঝতে পারেন।

হ্যাঁ, এই জগতে কাউকে বিশ্বাস করার বিষয়টি কঠিন হতে পারে। দুঃখজনকভাবে, মণ্ডলীতে যোগদান করার বিষয় দ্বিধাগ্রস্ত হওয়ার এটি একটি কারণ হতে পারে। যদি আপনি মণ্ডলীর লোকদের কারণে মণ্ডলীতে আসার বিষয়টি এড়িয়ে চলছেন, তাহলে আমি আপনাকে উৎসাহিত করতে চাই- অনুগ্রহ করে চার্চে যান! এটি একটি পরামর্শ নয় কিন্তু এটি ঈশ্বরের একটি আদেশ:

**"এসো, আমরা সভায় একত্রিত হওয়ার অভ্যাস পরিত্যাগ না করি, কেউ কেউ যেমন এতে অভ্যস্ত হয়ে উঠেছে। বরং এসো পরস্পরকে উৎসাহিত করি, কারণ তোমরা দেখতেই পাচ্ছ প্রভুর আগমনের সেদিন আগতপ্রায়"** (হিব্রীয় ১০:২৫)।

মণ্ডলী থেকে দূরে চলে যাবেন না। মনে রাখবেন, আমরা ত্রুটিপূর্ণ জগতে ত্রুটিপূর্ণ লোকদের মধ্যে বাস করি, কিন্তু ত্রুটিহীন ঈশ্বর আমাদের সঠিক উপলব্ধির জন্য ভালোবাসা এবং প্রজ্ঞা দেবেন। প্রেরিত ১২ অধ্যায়ে, যখন মণ্ডলী একসাথে প্রার্থনা করছিল, ঈশ্বর পিতরের জন্য অলৌকিকভাবে কারাগারের দরজা খুলে দিয়েছিলেন। বিশ্বাসীরা যখন প্রার্থনায় এবং সহভাগিতায় ঐক্যবদ্ধ হয় তখন সেখানে মহাশক্তি বিরাজ করে।

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)*

ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে মে থেকে ১৮ই জুন, ২০২৫)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**মে ১৯** : আমাদের শিশুদের জন্য ছুটিকালীন বাইবেল স্কুলগুলির উপর ঈশ্বরের আশীর্বাদের প্রাচুর্যের জন্য।

**দিন ২০:** আমাদের **সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজগুলির** এবং **ডাকমারফৎ ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমগুলি** সেই সমস্ত লোকদের পরিষেবায় নিযুক্ত আছে যাদের প্রয়োজন আছে।

**দিন ২১:** আমাদের অনুবাদকদের, সহযোগী সম্পাদকদের, সমন্বয়কদের এবং তাদের পরিবারের সদস্যদের উপর স্বর্গীয় আনুকূল্যের জন্য।

**দিন ২২:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলির সমস্ত সদস্যদের উপর তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ২৩:** রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতার সত্ত্বেও আমাদের পরিচর্যাগুলির বৃদ্ধির জন্য।

**দিন ২৪:** এই সম্পূর্ণ বিশৃঙ্খলা এবং যুদ্ধের আতঙ্কের মধ্যে সমস্ত দেশগুলির উপর স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ২৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য ।

**দিন ২৬:** ইউটিউব চ্যানেলের মাধ্যমে সম্প্রচারিত আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের **পাঁচ মিনিটের শক্তিশালী বাণী** প্রচারের জন্য আমাদের সাবস্ক্রাইবার এবং সাক্ষ্যগুলি বৃদ্ধির জন্য।

**দিন ২৭:** ২০২৫ সালের ২৩শে মার্চ সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে অনুষ্ঠিত আমাদের উদ্ধার সভার উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য।

**দিন ২৮:** আমাদের **বাইবেলকোর-ডাকযোগে বাইবেল পাঠক্রম** এবং **ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের প্রভাবের জন্য।**

**দিন ২৯:** আমাদের আমাদের পরিচর্যা কাজগুলির সমস্ত প্রয়োজনগুলির বিষয় ঈশ্বরের অলৌকিক প্রতিবিধানের জন্য।

**দিন ৩০:** সমাজের সমস্ত বিভাগে মহিলাদের শক্তিশালী করার উদ্দেশে ওকালতির জন্য।

**দিন ৩১:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের সুরক্ষা এবং কল্যাণের জন্য।

**জুন ০১:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি প্রক্রিয়ার সাফল্যের জন্য।

**দিন ০২:** নিয়মিত থিওলজিক্যাল সেমিনারগুলি অনুষ্ঠিত করতে আমাদের সক্ষম করার বিষয়ে ঈশ্বরের অনুগ্রহের জন্য।

**দিন ০৩:** ১৯৬৯ সাল থেকে, পত্রিকা পরিষেবায় আমাদের অঙ্গীকারের উপর তাঁর অবিরত আশীর্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সমস্ত দেশগুলির মধ্যে শান্তি এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রার্থনা করুন।

**দিন ০৫:** বিভিন্নভাবে আমাদের পরিচর্যাগুলির বৃদ্ধি এবং বিস্তারের জন্য।।

**দিন ৬:** খ্রীষ্ট বিশ্বাসীরা যেন ঈশ্বরের বাক্য অনুসারে জীবনযাপন করেন এবং খ্রীষ্টের চারিত্রিক স্বরূপতা অর্জন করেন।

**দিন ৭:** সারা বিশ্বব্যাপী খ্রীষ্টিয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির সুনাম এবং ন্যায়পরায়ণতার জন্য।।

**দিন ৮:** আমাদের সমস্ত সমর্থক, শুভচিন্তক এবং বন্ধুদের উপর আশীর্বাদের জন্য যারা তাদের প্রার্থনা এবং আর্থিক সহযোগিতার দ্বারা আমাদের পরিচর্যাগুলিকে টিকিয়ে রেখেছেন।

**দিন ৯:** পৃথিবীতে তাঁর রাজ্যের অগ্রগতির উদ্দেশে নতুন নতুন দর্শনের জন্য।

**দিন ১০:** আত্মিক এবং শারীরিক ভীতি প্রদর্শনের বিরুদ্ধে সমস্ত চার্চগুলির স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১১:** সুমস্ত পরিবারগুলির মধ্যে সংহতি এবং শান্তির জন্য।

**দিন ১২:** সারা বিশ্বের দূরদর্শন এবং ইউটিউব চ্যানেলের প্রচারকদের অভিষেক এবং পথ দেখানোর জন্য।

**দিন ১৩:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ১৪:** সারা বিশ্বের সমস্ত দেশগুলির মধ্যে একতা এবং সমস্ত দিক থেকে অগ্রগতির জন্য।

**দিন ১৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য ।

**দিন ১৬:** আমাদের সমস্ত কর্মী এবং তাদের পরিবারগুলির সুস্বাস্থ্য এবং কল্যাণের জন্য।

**দিন ১৭:** সারা পৃথিবীর রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, এবং সরকারী সমস্ত কর্তৃপক্ষের জন্য প্রার্থনা করুন, যাতে তারা সুবিবেচনা এবং ন্যায়পরায়ণতার সঙ্গে দেশ চালাতে পারেন।

**দিন১৮:** ভাইরাস ঘটিত জ্বর, এবং সংক্রামক বিভিন্ন রোগের বিরুদ্ধে স্বর্গীয় সুরক্ষার জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)



***ঈশ্বর পিতরের জন্য অলৌকিকভাবে কারাগারের দরজা খুলে দিয়েছিলেন***

ভালোবাসা সমস্ত বিষয়গুলিকে আবৃত করে, এবং আমাদের পরস্পর পরস্পরকে প্রয়োজন। ইংরাজীতে একটি উক্তি আছে : "যদি আপনি দ্রুত হাঁটতে চান, একা হাঁটুন। কিন্তু আপনি যদি দূরে হাঁটতে চান, তাহলে কাউকে সঙ্গে নিন।" যাইহোক, আপনাকে মনে রাখতে হবে আপনার সঙ্গে হাঁটার জন্য আপনি কাকে বেছে নিচ্ছেন এবং কার সঙ্গে আপনি সহভাগিতা করছেন, কারণ সেই ব্যক্তি আপনাকে প্রভাবিত করবে। আর সেই কারণেই উন্নতির জন্য আমাদের নির্দিষ্ট কয়েক জন ব্যক্তির সঙ্গ এড়িয়ে চলার বিষয় ১ এর গীতে আমাদের শিক্ষা দেওয়া হয়েছে। একতা অপরিহার্য, কিন্তু ভুল সঙ্গী আমাদের বিপর্যয়ের প্রতি পরিচালিত করতে পারে।

যীশু খ্রীষ্ট একটি স্পষ্ট প্রার্থনা দিয়েছেন। **"... যেন তারা এক হয়, যেমন আমরা এক। আমি তাদের মধ্যে এবং তুমি আমার মধ্যে বিরাজিত"** (যোহন ১৭:২২-২৩)।

মেষপালকের একটি হারানো মেষের অন্বেষণে ধাবিত হওয়ার বিষয়টি যখন ঈশ্বরের মৌলিক করুণার একটি শক্তিশালী উদাহরণ, তখন নিরানব্বইটি মেষ তাঁর পুনরুদ্ধারের আনন্দের এক বৃহত্তর সমাজের প্রতিনিধিত্ব উদ্ধারপ্রাপ্ত সদস্যটির আনন্দের বিষয় থাকে না কিন্তু সমগ্র দলটির আনন্দের কারণ হয়। এটি আমাদের শিক্ষা দেয় যে ঈশ্বর প্রত্যেক ব্যক্তিকে মূল্য দেন এবং এই পুনরুদ্ধার হচ্ছে একটি সামাজিক ঘটনা- প্রত্যেকের উদ্‌যাপন করার জন্য এটি একটি আমন্ত্রণ যাতে তারা অন্যদের দলের মধ্যে ফিরিয়ে আনার বিষয়ে অংশগ্রহণ করে।

## ২। সতর্কতা এবং সক্রিয় পুনরুদ্ধারের একটি আহ্বান!

মেষপালক প্রত্যাশা করেছিল ৯৯টি মেষ যেন সতর্ক এবং সজাগ থাকে। যখন কোনও একজন বিপথগামী হতে শুরু করে তখন প্রথমেই তারা যেন সেটা লক্ষ করে এবং নম্রতার সঙ্গে ঐ ব্যক্তিকে ফিরিয়ে আনতে পথ দেখায়। ৯৯টি মেষ বৃহত্তর দায়িত্ব বহন করে-অন্য আর কীভাবে মেষপালক জানতে পেরেছিল যে একটি মেষ হারিয়ে গেছে? নিশ্চিতভাবে, তাদের মধ্যে কোনও একটি মেষ সংকেত দিয়েছিল। হতে পারে সেই মেষটি হারান মেষটির মা, ভাই, বোন, বন্ধু, দাদু দিদা, অথবা স্বামী অথবা স্ত্রী ছিল। যদি সেই মেষটি বয়স্ক ছিল, তাহলে ছোট কোনও একজন সেটা লক্ষ করেছিল এবং মেষপালককে অবগত করেছিল।

যীশু খ্রীষ্ট চেয়েছিলেন অবশিষ্ট ৯৯টি যেন সতর্ক থাকে। আপনি যদি নিজেকে ঐ ৯৯ জনের মধ্যে একজন হিসাবে বিবেচনা করেন, তাহলে সেই হারানো মেষটির প্রতি আপনার একটি কর্তব্য আছে। আমাদের অবশ্যই আমাদের পরিবারের সদস্যদের প্রতি, বন্ধুদের প্রতি, এবং সর্বোপরি, আমাদের মাণ্ডলিক সমাজের প্রতি মনোযোগী হতে হবে। আছে তারা তাদের বিশ্বাসে নিরাপদ আছে, কিন্তু এমনকি ঐ ৯৯ জনের মধ্যে, কয়েক জন বিপদগামী হতে পারে। সজাগ থাকুন!

**যখন প্রহরী শত্রুদের আসতে দেখে, সে তূরী বাজিয়ে লোকদের সতর্ক করে** (যিহিষ্কেল ৩৩:৩-৯)।

একই ভাবে, ৯৯টি আত্মিক আত্মতুষ্টিকে নিবারিত করে এবং সমাজের পূর্ণাঙ্গ স্বাস্থ্যকে শক্তিশালী করে। ঈশ্বর আমাদের প্রহরীর পদে অধিষ্ঠিত করেছেন - আসুন আমরা প্রহরী হই!

## ৩। আত্মতুষ্টি এবং আত্ম-ধার্মিকতার বিরুদ্ধে একটি সতর্কতা!

কয়েক সময়, নিরানব্বইটির দলের অংশ হওয়ায়- নিরাপদ এবং সুরক্ষিত থাকার বিষয়টি আমাদের আত্মতুষ্টি এবং আত্ম-ধার্মিকতার পথে চালিত করতে পারে। আমরা চিন্তা করতে পারি, "ওহ, আমি পালের মধ্যে আছি। আমার কাছে যা প্রত্যাশা করা হয়েছে আমি তাই করছি। আমি মেষপালককে অনুসরণ করছি এবং তাঁর বাধ্য হচ্ছি। যে পথভ্রষ্ট হয়েছে আমি তার মতো নই।" যাইহোক, নিরানব্বইটির নিরাপত্তা ভ্রান্ত নিরাপত্তার একটি অনুভূতি তৈরী করতে পারে। দলের মধ্যে থাকার বিষয়টি একজন ব্যক্তিকে আত্মিকভাবে নিরাপদ এবং স্বয়ংসম্পূর্ণ করতে পারে না।

যারা মনে করেন, "আমার মন পরিবর্তন করার প্রয়োজন নেই," সেই সমস্ত ধার্মিক লোকদের কাছে এই নীতি গল্পটি একটি চ্যালেঞ্জ, এটি তাদেরকে

(ক্রমশঃ, ৯ পাতায়)


ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE REACHING NATIONS

# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

**চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই**

**ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য), ঈশতত্বে ডিপ্লোমা**

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

**নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুৰ:**

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**

**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR -** Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
### লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| Account Name | : | ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : | 1023 2923 805 |
| Bank Name | : | STATE BANK OF INDIA |
| Branch | : | TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : | SBIN 0000249 |
| SWIFT Code | : | SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## প্রচেষ্টা ত্যাগ করবেন না, সরে যাবেন না !

**"কিন্তু আমার ধার্মিক ব্যক্তি, বিশ্বাসের দ্বারাই বাঁচবে। যদি সে পিছিয়ে পড়ে, আমি তার প্রতি প্রসন্ন হব না। যারা পিছিয়ে পড়ে ও বিনষ্ট হয়, আমরা তাদের অন্তর্ভুক্ত নই; যারা বিশ্বাস করে ও পরিত্রাণ পায়, আমরা তাদেরই সহভাগী"** (ইব্রীয় ১০:৩৮-৩০)।

আমার পরিচর্যা কাজের প্রথম দিকে দিনগুলিতে, বিশ্বাস করার মতো কোনও লোকবল না থাকার কারণে আমাকে সেই সমস্ত লোকদের কাছ থেকে অনেক অত্যাচারের সম্মুখীন হতে হয়েছিল এবং অবর্ণনীয় কষ্ট সহ্য করতে হয়েছিল, যাদের মধ্যে আমি বাস করতাম। বিনিদ্র রাত্রি এবং আতঙ্কিত দিনগুলির কারণে আমি নিজেকে প্রশ্ন করতাম ঈশ্বর কি আমাদের প্রকৃতরূপে আহ্বান করেছিলেন, না কি আমি নিজের ইচ্ছায় পরিচর্যা কাজে প্রবেশ করেছিলাম।

একটা সময় ছিল যখন আমাকে অনাহারে এবং শারীরিক আক্রমণে কষ্ট পেতে হয়েছিল, তথাপি ঈশ্বর নীরব ছিলেন। তিনি আমার প্রার্থনাগুলির উত্তর দেননি। অনেক ঘটনার ক্ষেত্রে, আমি নিজেকে পরিত্যক্ত অনুভব করেছিলাম। কিন্তু সময় অতিবাহিত হচ্ছিল, আমি বুঝতে পেরেছিলাম যে তাঁর নীরবতাও একটি উত্তর ছিল- যখন আমাকে এটি এই জগৎ এবং জগতের লোকদের সম্পর্কে শিক্ষা দিয়েছিল।

১৯৭৯ সালে, যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচার করার সময় আমাকে কঠোর বিরোধীতার সম্মুখীন হতে হয়েছিল। আমি একটি ভাড়া ঘরে প্রার্থনা সভা পরিচালনা করছিলাম যখন কয়েক জন ব্যক্তি আমার বাড়ীওয়ালীর কাছে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছিল। তারা সেই বাড়ীওয়ালীকে বুঝিয়ে ছিল যে তিনি যেন আমাদের এখানে কোনও সভা করতে না দেন।

ভগ্নচূর্ণ অন্তকরণে, আমি ঘরে ফিরে এসেছিলাম, দরজাগুলো বন্ধ করেছিলাম, এবং আমার রান্নাঘরের এবং বাথরুমের ট্যাপগুলো খুলে দিয়েছিলাম এবং প্রচণ্ড ক্রন্দন সহ প্রভুর কাছে প্রার্থনা করেছিলাম। ট্যাপের জলধারার শব্দে বাইরে থেকে আমার কান্নার শব্দ কেউ শুনতে পায়নি। এমনকি তখনও, ঈশ্বর নীরব ছিলেন।

আমার জীবনের দিকে তাকিয়ে, আমি একদিকে বিভিন্ন চ্যালেঞ্জগুলি এবং সমস্যাগুলি দেখেছিলাম এবং অন্য দিকে, যিনি আমাকে পরিচর্যা কাজে আহ্বান করেছিলেন তিনি স্থির ছিলেন, মনে হচ্ছিল আমাকে সাহায্য করার জন্য তিনি কিছুই করছেন না। ইতিমধ্যে, আমার বিরোধীরা আরও অধিক শক্তিশালী হয়েছিল, তারা প্রকাশ্যে আমাকে বিদ্রূপ করছিল। এমনকি তারা আমার সরকারী অফিসে প্রবেশ করেছিল যেখান আমি কাজ করতাম, তারা আমার নামে মিথ্যা গুজব ছড়িয়েছিল এবং আমার সহকর্মীদের সামনে আমার নামে কুৎসা রটিয়েছিল।

আমি ভীষণ ঝামেলার মধ্যে পড়েছিলাম- বিরক্ত হয়েছিলাম, ভীত হয়েছিলাম, এবং আমার উপর তারা যে আঘাত করছিল তার দ্বারা আমি বিহ্বল হয়ে পড়েছিলাম। ঐ দিন আমি বেপরোয়াভাবে আর্তনাদ করেছিলাম:

" হে ইস্রায়েলের সদাপ্রভু, হে অব্রাহাম, ইসহাক, এবং যাকোবের ঈশ্বর! আমি আর তোমার নীরবতা সহ্য করতে পারছি না! তুমি যদি আমার হয়ে কাজ না করো, তাহলে তুমি কাকে সাহায্য করবে? তুমি যদি আমাকে সুরক্ষা করতে অস্বীকার করো, তাহলে অন্য কার কাছে যেতে পারি!"

তবুও কোনও উত্তর আসেনি, কোনও পরিচালনা আসেনি, কোনও প্রেরণা আসেনি - শুধু নীরবতা বিরাজ করছিল। আমার আত্মা দারুণভাবে অস্থির হয়েছিল। ঐ রাতে, হতাশ হয়ে, আমি আমার ঘরের এবং পরিচর্যার সমস্ত জিনিসপত্র গুছিয়ে নিয়েছিলাম, এই সমস্ত কিছু আমি পেছনে ফেলে রেখে আমার নিজের জায়গায় ফিরে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছিলাম

**"...অত্যাচারীর তরোয়ালের জন্য প্রত্যেকেই তার আপনজনের কাছে ফিরে যাক, প্রত্যেকেই পালিয়ে যাক তার নিজের নিজের দেশে"** (যিরমিয় ৫০:১৬)।

রাত ঠিক ২টোর সময়, আমি আমার দরজায় কোনও একজন ব্যক্তির আঘাত করার শব্দ শুনতে পেলাম। আমার হাত কাঁপছিল, এবং আমি অসহায় এবং নার্ভাস অনুভব করেছিলাম। স্পষ্টতঃ, আমি দরজা খুলে মুখভর্তি দাঁড়িগোঁফসহ এক বৃদ্ধ ব্যক্তিকে দেখেছিলাম, যার কাঁধে একটি ব্যাগ ছিল এবং একটি খাবার প্যাকেট ছিল ।

আমি জিজ্ঞাসা করেছিলাম, "কে আপনি? এই অসময়ে আপনি কেন এখানে এসেছেন?" আমি উল্লেখ করেছিলাম যে ঈশ্বর আমার প্রার্থনার উত্তর দিচ্ছেন না বলে আমি আমার নিজের জায়গায় ফিরে যাবার জন্য প্রস্তুত হচ্ছিলাম। যাইহোক, তিনি ভিতরে আসার জন্য আমার কাছে মিনতি করেছিলেন, তিনি ব্যাখ্যা করেছিলেন যে প্রতিবেশীরা পরিস্থিতিটাকে শেষ পর্যন্ত ভুল ব্যাখ্যা করবে। অনিচ্ছা সত্ত্বেও আমি তাঁকে ভেতরে আমন্ত্রণ জানিয়েছিলাম।

তিনি শুরু করেছিলেন, "আমার বৎস স্যাম, আমি আপনার বন্ধু, পাস্টর জে.এস. ড্যানিয়েল। অনেক দিন আগে আপনার সঙ্গে আমার দেখা হয়েছিল, এবং সম্ভবত আপনি আমাকে ভুলে গিয়েছেন। আমি শহরে পরিচর্যা কাজ শেষ করে আমার গ্রামে ফিরছিলাম, কিন্তু আমি শেষ বাসটা ধরতে পারিনি। ট্যাকসি ভাড়া করার মতো টাকা আমার কাছে নেই, এই শহরে আমার কোথাও ঘুমাবার জায়গাও নেই। চেন্নাইয়ের মাউণ্ড রোড দিয়ে হাঁটতে হাঁটতে, ঈশ্বর আমার সঙ্গে কথা বলেছিলেন, তিনি আমাকে স্পষ্টভাবে আজ রাতে আপনাকে খুঁজে বের করতে বলেছিলেন। আপনি অবশ্যই এই জায়গাটি ছেড়ে চলে যাবেন না। মনে করবেন না যে আপনার ঈশ্বর, যিনি আপনাকে আহ্বান করেছেন, তিনি নীরব; তিনি আরও অধিক ভালো আগামীকালের

জন্য আপনাকে প্রস্তুত করছেন। তিনি আপনার জীবনে কিছু অধিকতর মহান কাজ করার জন্য আপনাকে সক্রিয়ভাবে দক্ষ করে তুলছেন। আপনার বিশ্বাস মতো তিনি নীরব নন। মনে রাখবেন, জেরুশালেম থেকে সুসমাচার প্রচারিত হতে হবে (যিশাইয় ২:৩, মীখা ৪:২)। এই শহরটি হচ্ছে আপনার জেরুশালেম। সুতরাং, এই শহরটি ছেড়ে চলে যাবেন না।"

তাঁর বাধ্য হওয়া ছাড়া আমার আর অন্য কোনও বিকল্প ছিল না, এবং আমি প্রভুর ভালোবাসা অনুভব করেছিলাম এবং তিনি আমার মতো এই নগণ্য দাসের জীবনে যে অলৌকিকভাবে কাজ করেছিলেন আমি তার সাক্ষী হয়েছিলাম। আমি পাস্টর ড্যানিয়েল এবং আমার প্রভু যীশু খ্রীষ্ট, উভয়ের কাছে ক্ষমা চেয়েছিলাম, তারপর আমি আমার পরিচর্যা কাজ চালিয়ে গিয়েছিলাম। ঈশ্বর আমাকে আশীর্ব্বাদ করেছিলেন। কয়েক মাস পর, তিনি আমাকে আরেকটি স্থানে এনেছিলেন যেখানে আমি একজন সফল পরিচর্যাকারীতে পরিণত হয়েছিলাম।

প্রিয় বন্ধু গণ, আপনি কি ভাবছেন প্রভু আপনাকে ভুলে গিয়েছেন যিনি আপনাকে আহ্বান করেছিলেন? আপনি কি বিশ্বাস করেন যে আপনার বৃদ্ধি এতো মন্থর হচ্ছে যে আপনার পেশা পরিবর্তন করা উচিত অথবা আপনার অন্যত্র স্থানান্তরিত হওয়া শ্রেয়? না, আপনার এটা করা উচিত নয়। সদাপ্রভু, যিনি আপনাকে আহ্বান করেছেন, তিনি বিশ্বস্ত। এমনকি আপনি সমস্ত কিছু হারালেও, আপনার ভবিষ্যত অবশিষ্ট আছে। সুতরাং অলৌকিক কাজের জন্য তাঁকে বিশ্বাস করুন - আপনার জীবনে কিছু উত্তম বিষয় ঘটতে বাধ্য! **"সদাপ্রভুর অপেক্ষায় থাকো; শক্ত হও ও সাহস করো এবং সদাপ্রভুর অপেক্ষায় থাকো"** (গীত সংহিতা ২৭:১৪)।

*************

*(ক্রমশঃ, ৭ পৃষ্ঠার পর)*

মনে করিয়ে দেয় যে ঈশ্বরের অনুগ্রহ সকলের জন্য সুপ্রাপ্য- এমনকি তাদের জন্যেও যারা নিজেদের নিরাপদ মনে করে। যেমন শাস্ত্রে বলা হয়েছে, **"কারণ সকলেই পাপ করেছে এবং ঈশ্বরের গৌরব-বিহীন হয়েছে"** (রোমীয় ৩:২৩)। এইভাবে, নিরানব্বইটি আমাদের নিজেদের অন্তরকে পরীক্ষা করে দেখতে বলে সেখানে আত্মতুষ্টি এবং অহঙ্কারের কোনও জায়গা আছে কি না।

**"তাই, তোমরা যদি মনে করো যে, তোমরা দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছো, সতর্ক থেকো, যেন তোমাদর পতন না ঘটে"** (১ করিন্থীয়১০:১২)।

প্রিয় বন্ধুগণ,

আমি যখন ঐ মেষপালকের হারানো একটি মেষকে খুঁজতে যাওয়ার বিষয়টিকে গভীরভাবে তারিফ করছি, তখন আমি বাকী ৯৯টি মেষের উপর তার আস্থার বিষয়টিতেও আমি সমানভাবে কৃতজ্ঞ। তারা নিরাপদ হলেও, যীশু খ্রীষ্ট তাদেরকে ভ্রান্ত নিরাপত্তার অনুভূতিতে পতিত না হওয়ার বিষয় চ্যালেঞ্জ জানিয়েছেন। তারা যেন বুঝতে পারে যে, দলের মধ্যে তাদের অবস্থানটি হচ্ছে একটি উপহার- যা সংরক্ষিত করার জন্য নম্রতা এবং অবিরত মন পরিবর্তন করা প্রয়োজন হয়। তাদের ভূমিকা হচ্ছে জীবন্ত স্মরণকারী হিসাবে জীবনযাপন করা এবং পরিচর্যা করা যার জন্য এমনকি বিশ্বস্তদের জন্যেও অবিরত নবায়িত হওয়ার এবং ঈশ্বরের অনুগ্রহের উপর নির্ভর করার প্রয়োজন হয়।

নিরানব্বইটির অবশ্যই হারানো একটির জন্য প্রার্থনা করা উচিত!

*************

**URGENT NEED for CHRISTIAN OFFICE**

**1. COMPUTER OPERATORS**

**2. PRINTING PRESS OPERATORS**

**Contact : (+91) 98412 71858, E.mail : sam@echoofhiscall.org**

**NOTICE**

Please store the Mobile Phone numbers (+91) 98410 71858, (+91) 98412 71858 of Pastor S. Sam Selva Raj on your mobile phones.

- Editor

## ECHO OF HIS CALL YouTube

## YOUTUBE RESPONSES!



**Bro. Shashi Tiwari**



**Sis. Mary Susan**

(i) BRO. STEPHEN RAMANA, SOUTH AFRICA
Wow, what a powerful message this morning, I am truly blessed.

(ii) BRO. SHASHI TIWARI, MUMBAI
Thanku for the encouraging devotion. Praying daily for the devotion and interpreter.

(III) BRO. SHAUL BENJAMIN SHINDE, PALGHAR
Praise the Lord Pastor. I am following your messages on YouTube regularly. God is blessing me through your messages. Thank God and God bless you more.

(iv) SIS. MARY SUSAN, VIZAG
Thank you for the morning YouTube messages. I am really blessed.



***Bro. Stephen Ramana***



***Bro. Shaul Benjamin Shinde***

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**

**Please subscribe**

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা    **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS Patrika Channel"**
**on 14th MAY 2025**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**